তারিখ 2 8 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইনকিলাব

*'প্রতিবেশী থেকে শেখা'*

# থাই শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকায় সিম্পোজিয়াম

**স্টাফ রিপোর্টার :** ঢাকায় গতকাল (শনিবার) থেকে শুরু হয়েছে থাইল্যান্ডের শিক্ষা ব্যবস্থার ওপর দু'দিনব্যাপী এক সিম্পোজিয়াম। গুলশানের লেকশোর হোটেলে 'প্রতিবেশী থেকে শেখা' শিরোনামে এ সিম্পোজিয়ামে থাই শিক্ষা মন্ত্রণালয়ের সেক্রেটারি জেনারেল ড. কাসামা ভরাবরনের নেতৃত্বে তিন সদস্যের একটি দল সে দেশের শিক্ষা উন্নয়নের অভিজ্ঞতা বর্ণনা করেন। উল্লেখ্য, বর্তমান শতকে থাইল্যান্ডসহ এশিয়ার অনেক দেশ শিক্ষা ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ অগ্রগতি অর্জন করেছে। বাংলাদেশের নবনির্বাচিত সরকার শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে ভিশন-২০২১ ঘোষণা করেছে। শিক্ষানীতি নির্ধারণের জন্য গঠন করা হয়েছে কমিটি। এই পরিপ্রেক্ষিতে প্রতিবেশীদের সঙ্গে অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে এ সিম্পোজিয়ামের আয়োজন করা হয়।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা উন্নয়ন ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস) এবং গণসাক্ষরতা অভিযানের যৌথ উদ্যোগে আয়োজিত সিম্পোজিয়াম উদ্বোধন করেন বর্তমান সরকারের শিক্ষা নীতি প্রণয়ন কমিটির সহ-সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন ইউনেস্কোর পরিচালক ড. মালামা মেলেইসি, বিআইডিএস-এর মহাপরিচালক ড. মুসতাফা কে মুজেরী, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা ড. মনজুর আহমেদ এবং গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে. চৌধুরী। সিম্পোজিয়ামে অংশ নেন বাংলাদেশের শিক্ষা কর্মকর্তা, শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য, পার্লামেন্ট স্ট্যান্ডিং কমিটির সদস্য, শিক্ষা বিশেষজ্ঞ ও গবেষক এবং উন্নয়ন সহযোগী কর্মকর্তারা।